

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ / ০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৪৬-আইন/২০২১/১৪৩-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ৩০ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২২৯-আইন/২০১৯/৬৫-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

- (ক) অনুচ্ছেদ ১ এর দফা (ক) এ উল্লিখিত “প্রয়োজনীয় উপকরণ আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে” শব্দগুলির পরিবর্তে “প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) অনুচ্ছেদ ১ এর দফা (৭) এ উল্লিখিত “৩০ এপ্রিল, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের” সংখ্যাগুলি, শব্দগুলি ও চিহ্নের পরিবর্তে “৬ (ছয়) মাসের” সংখ্যা, চিহ্ন ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (গ) অনুচ্ছেদ ২ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ২ প্রতিস্থাপিত হইবে, যথা:
- “২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
সিনিয়র সচিব